# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২২-০৩-২০০১ইং তারিখের সভার কার্যবিবরণী।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভা ২২-০৩-২০০১ইং তারিখ বেলা ১০-০০ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কর্ণেল জাহাংগীর আলম, পিএসসি, প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা ক্যান্টনমেন্ট। সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | ব্রিগেডিয়ার মোঃ আব্দুস সালাম<br>কমান্ড্যান্ট<br>এস ই এম ও<br>সম্মিলিত সামরিক হাসপাতাল<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| (২) | কমান্ডার এম মনিরুল ইসলাম (ত্যাজ) বিএন<br>অধিনায়ক<br>বি এন এস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| (৩) | উইং কমান্ডার এম আলমগীর, এসিএসসি<br>অধিনায়ক (প্রশাসনিক শাখা)<br>বিমান বাহিনী ঘাঁটি বাশার<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| (৪) | লেঃ কর্ণেল মোহাম্মদ শাহ আলম<br>সি এম ই এস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| (৫) | জনাব মোঃ আজিজ খান<br>১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| (৬) | লেঃকর্ণেল(অবঃ)মোঃ সামসুদ্দিন আহমেদ<br>৩৪৬, বারিধারা ডিওএইচএস<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| (৭) | জনাব মোঃ আবু মাসুদ<br>সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা। | - সদস্য | - অনুপস্থিত |

উপস্থিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

প্রস্তাব নং-১ঃ বিগত ১১-০১-২০০১ইং তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন।

গৃহীত সিদ্ধান্তঃ বিগত ১১-০১-২০০১ইং তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নভেম্বর'২০০০ইং, ডিসেম্বর'২০০০ইং এবং জানুয়ারি'২০০১ইং সালের আয়-ব্যয় সম্পর্কিত হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নভেম্বর'২০০০ইং, ডিসেম্বর'২০০০ইং এবং জানুয়ারি'২০০১ইং সালের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবলোকন করা হইল।

প্রস্তাব নং-৩ঃ অনুদান সংক্রান্ত সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৮-০২-২০০১ইং তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/৩৬-এ/১২২ নং পত্র অবহিত হওয়া।

২য় পৃঃদ্রঃ

সিদ্ধানুঃ অনুদান সংএগনু সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপুরের ২৮-০২-২০০১ইং তারিখের ২/এমএলএনডসি/জেনারেল/৩৬-এ/১২২ নং পত্র অবহিত হওয়া গেল। উক্ত পত্রের নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করার জন্য ক্যাণ্টনমেণ্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হইল।

ব নং-৪ঃ ক্যান্টনিয়ান স্পোর্টিং ক্লাব, ঢাকা ক্যাণ্টনমেণ্টকে ৫,০০০/-(পাঁচ হাজার)টাকার অনুদান বরাদ্দের ঘটনোত্তর অনুমোদন।

ত সিদ্ধানুঃ সংশ্লিষ্ট বিষয়ের উপর সভায় আলোচনা হইল। আলোচনানেু ক্যান্টনিয়ান স্পোর্টিং ক্লাব, ঢাকা ক্যাণ্টনমেণ্টকে ৫,০০০/-(পাঁচ হাজার)টাকা অনুদান বরাদ্দ ঘটনোত্তর অনুমোদন করা হইল।

ব নং-৫ঃ ঢাকা ক্যাণ্টনমেণ্ট বোর্ডের ডিসেম্বর'২০০০ এবং জানুয়ারি'২০০১ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

ীত সিদ্ধানুঃ ঢাকা ক্যাণ্টনমেণ্ট বোর্ডের ডিসেম্বর'২০০০ইং এবং জানুয়ারি'২০০১ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হইল।

াব নং-৬ঃ ঢাকা ক্যাণ্টনমেণ্টের ভাষাণটেক এমপি চেকপোস্ট ও সি এম এইচ-এর পার্শ্বে অবস্থিত ভাষাণটেক উচ্চ বিদ্যালয়কে ক্যাণ্টনমেণ্ট বোর্ডের অধীনে নেওয়ার জন্য এলাকাবাসীর পক্ষে জনাব মোঃ ফখরুল ইসলাম মজুমদার(হারুন), ৬৪, দামালকোট, দ্বীন মোহাম্মদ কলোনী, ঢাকা ক্যাণ্টনমেণ্ট এর ০৮-১-২০০১ইং তারিখের আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধানু গ্রহণ। পত্রটি সভায় উপস্থাপন করা হইল।

ীত সিদ্ধানুঃ ভাষাণটেক উচ্চ বিদ্যালয়টি ক্যাণ্টনমেণ্ট বোর্ডের নিয়ন্ত্রণে নেওয়ার ব্যাপারে বিসুারিত আলোচনানেু বিষয়টি বিবেচনা করা গেল না।

ুাব নং-৭ঃ শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উচ্চ মাধ্যমিক শাখার জন্য ০৮(আট)সেট কম্পিউটার এয়ের বিষয়ে সংশ্লিষ্ট বিদ্যালয়ের অধ্যক্ষের ১০-১-২০০১ইং তারিখের শরউমাবি/বিবিধ/১/১০৮ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধানু গ্রহণ।

ীত সিদ্ধানুঃ শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের জন্য ০৮(আট)সেট কম্পিউটার এয়ের বিষয়ে বোর্ডসভায় বিসুারিত আলোচনানেু উক্ত প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের লেখাপড়ার স্বার্থে ০৮(আট)সেট কম্পিউটার এয়ের সর্বসম্মত সিদ্ধানু গৃহীত হইল। বিষয়টি চূড়ানু অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপুরে প্রেরণ করা হউক।

ুাব নং-৮ঃ পোসুগোলা সেনানিবাসে প্রাথমিক বিদ্যালয় স্থাপন প্রসংগে সদর দপুর ১৪ স্বতন্ত্র ইঞ্জিনিয়ার ব্রিগেড, ঢাকা সেনানিবাসের ২৪-২-২০০১ইং তারিখের ৮০১/একিউ নং পত্র এবং সেনাসদর, সেনাবাহিনী প্রধানের সচিবালয়, ঢাকা সেনানিবাসের ০১-৩-২০০১ইং তারিখের ১০০২/৫/পিএএস নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধানু গ্রহণ।

গৃহীত সিদ্ধানুঃ পোসুগোলা সেনানিবাসে প্রাথমিক বিদ্যালয় স্থাপন প্রসংগে বোর্ডসভায় বিসুারিত আলোচনা হইল। আলোচনানেু বিদ্যালয়ের কার্যএম যথাশীঘ্র শুরু করার নিমিত্তে প্রাথমিকভাবে একজন প্রধান শিক্ষক ও পাঁচজন জুনিয়র শিক্ষক নিয়োগসহ প্রয়োজনীয় আসবাবপত্র এয়ের জন্য অনুদান হিসাবে ১০,০০,০০০/-(দশ লক্ষ)টাকা বরাদ্দ করার অনুরোধ জানাইয়া সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপুরে প্রসুাব প্রেরণ করা হউক।

৩য় পৃঃদ্রঃ

প্রস্তাব নং-৯ঃ ঢাকা সেনানিবাসের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি তালিকার সহিত ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ছুটি তালিকা সামঞ্জস্যপূর্ণকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ছাত্রছাত্রীদের লেখাপড়ার সুবিধার্থে ঢাকা সেনানিবাসের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক ক্যালেন্ডার ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রচলনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-১০ঃ হিসাব করণিক পদে পদবী পরিবর্তনের জন্য শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক জনাব মোঃ সেলিম এর ০৫-১-২০০১ইং তারিখের আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর আলোচনা হইল। আলোচনান্তে জনাব মোঃ সেলিম, নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিককে হিসাব করণিক পদে পদবী পরিবর্তনের বিষয়টি বিবেচনার জন্য সুপারিশসহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-১১ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য ৮,৩৬,০০০/-(আট লক্ষ ছত্রিশ হাজার)টাকা মূল্যে একটি ডায়াথারমি মেশিন এবং একটি লেবার টেবিল এবয়ের ব্যাপারে ০১-৩-২০০১ইং তারিখের পিসিবি কর্তৃক অনুমোদিত সর্বনিম্ন দরপত্রের ঘটনোত্তর অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য একটি ডায়াথারমি মেশিন ও একটি লেবার টেবিল এবয়ের ৮,৩৬,০০০/-(আট লক্ষ ছত্রিশ হাজার)টাকার সর্বনিম্ন দরপত্রের ঘটনোত্তর অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-১২ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ল্যাবরেটরীর জন্য একটি বায়োকেমিষ্ট্রি এনালাইজার ও রি-এজেন্ট এবয়ের বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৩-২-২০০১ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৪-৪/শা-৮/৮ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ল্যাবরেটরীর জন্য একটি বায়োকেমিষ্ট্রি এনালাইজার ও রি-এজেন্ট এবয়ের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-১৩ঃ অত্র দপ্তরের গ্যারেজ চৌকিদার জনাব মোঃ জমশের আলীকে গ্যারেজ সংলগ্ন স্থানে অস্থায়ীভাবে নির্মিত টিনসেড ঘরটি মানবিক কারণে বরাদ্দের ব্যাপারে তাহার ০৬-২-২০০১ইং তারিখের আবেদনপত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর আলোচনা হইল। আলোচনান্তে গ্যারেজ চৌকিদার জনাব মোঃ জমশের আলীকে গ্যারেজ সংলগ্ন স্থানে নির্মিত টিনসেড ঘরটি সম্পূর্ণ অস্থায়ীভাবে ০১-৪-২০০১ইং তারিখ হইতে মাসিক ৫০/-(পঞ্চাশ)টাকা নির্ধারিত ভাড়ায় বরাদ্দের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, বোর্ড কর্তৃক প্রদত্ত বিদ্যুৎ, গ্যাস ও পানির বিল যথানিয়মে সংশ্লিষ্ট কর্মচারীকে নিজ দায়িত্বে পরিশোধ করিতে হইবে ।

৪র্থ পৃঃ দ্রঃ

াব নং-১৪ঃ শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের কলেজ শাখার জন্য একজন লাইব্রেরীয়ান, একজন কম্পিউটার প্রদর্শক, একজন ব্যক্তিগত সহকারী(অধ্যক্ষ) ও নয়জন কর্মচারীর পদ সৃষ্টি প্রসংগে সংশ্লিষ্ট বিদ্যালয়ের অধ্যক্ষের ১৮-২-২০০১ইং তারিখের শরউমাবি/বিবিধ/১/৮৪ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

হীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর আলোচনা হইল। আলোচনান্তে শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের কলেজ শাখার জন্য ১৮৭৫-৯০x৭-২৫০৫-ইবি-১০০x১১-৩৬০৫/-টাকা বেতনক্রমে শুধুমাত্র একজন লাইব্রেরীয়ান-কাম-কম্পিউটার প্রদর্শক এর পদ সৃষ্টির প্রস্তাব অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

াব নং-১৫ঃ শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের স্কুল শাখার সেকশন খোলা সাপেক্ষে শিক্ষক এর পদ সৃষ্টি ও প্রয়োজনীয় কর্মচারীর পদ সৃষ্টি প্রসংগে সংশ্লিষ্ট বিদ্যালয়ের অধ্যক্ষের ১৮-২-২০০১ইং তারিখের শরউমাবি/২০০১/৬৫ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

হীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর আলোচনান্তে প্রস্তাবটি আপাততঃ বিবেচনা করা গেল না। তবে পদ সৃষ্টির ব্যাপারে পরবর্তী বাজেটে প্রস্তাব রাখা যাইতে পারে ।

াব নং-১৬ঃ সেনাসদর, কিউএমজি শাখা(সমন্বয়), ঢাকা সেনানিবাসের ১২-৩-২০০১ইং তারিখের ৩৯০৬/২/ঢাকা/সিএসডি এবং প্রধান কার্যালয়, সিএসডি, ঢাকার ০৩-৩-২০০১ইং তারিখের এডম/৫৪/৪১ নং পত্রের প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৪ নং প্লট ও প্লটে নির্মিত ব্রডওয়ে বিল্ডিং (সিএসডি, বাংলাদেশ এর নিকট) ৫(পাঁচ) বৎসর মেয়াদে ইজারা প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

হীত সিদ্ধান্তঃ সেনাসদর, কিউএমজি শাখা(সমন্বয়), ঢাকা সেনানিবাসের ১২-৩-২০০১ইং তারিখের ৩৯০৬/২/ঢাকা/সিএসডি নং পত্র এবং প্রধান কার্যালয়, সিএসডি, বাংলাদেশ এর ০৩-৩-২০০১ইং তারিখের এডম/৫৪/৪১ নং পত্রের উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অবহিতকরণপূর্বক ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৪ নং প্লটে নির্মিত ব্রডওয়ে বিল্ডিংটি দি বাংলাদেশ ক্যান্টনমেন্ট প্রপার্টি রুলস'১৯৫৭ এর ৯ নং বিধির আলোকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সিএসডি, বাংলাদেশ এর নিকট ৫(পাঁচ) বৎসর মেয়াদে ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ঃ-

(ক) ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৪ নং প্লটে নির্মিত ব্রডওয়ে বিল্ডিংয়ের মোট আয়তন ১৮,৯৫০.০০বর্গফুট। প্রতি বর্গফুটের মাসিক ভাড়া হইবে ৩.৫০ টাকা যাহা বাৎসরিক ভিত্তিতে পরিশোধযোগ্য ।

(খ) ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার ও জেনারেল ম্যানেজার, সিএসডি, বাংলাদেশ এর মধ্যে যথানিয়মে সম্পাদিত ইজারা চুক্তি প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইবে ।

(গ) চুক্তি সম্পাদনের তারিখ হইতে পরবর্তী ০৫(পাঁচ) বৎসরের জন্য ইজারার মেয়াদ কার্যকর হইবে ।

(ঘ) উভয় পক্ষের সম্মতি সাপেক্ষে এই ইজারা চুক্তি ০৫(পাঁচ) বৎসর অন্তর পুনঃনবায়নযোগ্য ।

৫ম পৃঃদ্রঃ

(ঙ) ইজারাগ্রহীতা কর্তৃক বুডওয়ে বিল্ডিংয়ের বর্তমান কাঠামোর কোন পরিবর্তন/পরিবর্ধন করা যাইবে না।

(চ) ইজারা চুক্তি সম্পাদনের পূর্বে সিএসডি, বাংলাদেশ এর নিকট প্রাপ্য বকেয়া ভাড়া ক্যান্টনমেন্ট বোর্ডকে পরিশোধ করিতে হইবে।

(ছ) ইজারা মেয়াদকালে উক্ত ভবনের গ্যাস, পানি ও বিদ্যুৎ ইত্যাদি বিল ইজারাগ্রহীতা কর্তৃক যথানিয়মে পরিশোধিত হইবে।

(জ) ইজারা মেয়াদকালে উক্ত ভবনের প্রয়োজনীয় সংস্কার/মেরামত কাজ ইজারাগ্রহীতা কর্তৃক নিজ খরচে সম্পন্ন করিতে হইবে।

(ঝ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে ইজারা প্রদত্ত ভবনের চারপার্শ্বের খালি জায়গায় কোন ধরনের নির্মাণ কাজ করা যাইবে না।

(ঞ) ক্যান্টনমেন্ট বোর্ডের প্রয়োজনে ৯০(নব্বই) দিনের আগাম নোটিশ প্রদান সাপেক্ষে উক্ত ইজারা চুক্তি বাতিল করা যাইবে।

(ট) ইজারাদার ও ইজারাগ্রহীতার মধ্যে কোন বিষয়ে মতভেদ দেখা দিলে সংশ্লিষ্ট বিষয়ে পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এর সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

ব নং-১৭ঃ বনানী কবরস্থান সংলগ্ন ০.৭২ একর এবং হযরত কালাশাহ বাবার মাজার সংলগ্ন ০.৪৪ একর জমি মেসার্স তরুকুঞ্জ নার্সারীর নিকট অত্র বোর্ড হইতে ৩০-৬-২০০১ইং পর্যন্ত ইজারা প্রদত্ত আছে। উক্ত নার্সারীর পরবর্তী ইজারার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ১৯-৭-৯৯ইং তারিখের ৫০৫/৪/কিউ-২/এ নং পত্র, সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০২-২-২০০০ইং তারিখের ৩৯১৭/৩-বি/এমকিউ-২ নং পত্র, স্টেশন সদর দপ্তরের ১৫-১-২০০১ইং তারিখের ৫০৫/৪/কিউ-২ নং পত্র এবং ০৫-২-২০০১ইং তারিখের ৫০৫/৪/কিউ-২ নং পত্র উপস্থাপন করা হইল।

ত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে নার্সারী দুইটির বর্তমান ইজারা মেয়াদ আগামী ৩০-৬-২০০১ইং তারিখে উত্তীর্ণ হওয়ার পর উহা পুনঃইজারা না দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হইল।

াব নং-১৮ঃ ব্রিটিশ-আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোং লিঃ এর অটোমেটিক টেলার মেশিন নির্মাণ কাজের অনুমতির ব্যাপারে কোম্পানীর ০৫-২-২০০১ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ০৮-২-২০০১ইং তারিখের ৬২৪/১/এ নং পত্র উপস্থাপন করা হইল।

ীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ব্রিটিশ-আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোং লিঃ এর প্রস্তাবিত অটোমেটিক টেলার মেশিন স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল।

াব নং-১৯ঃ ডিওএইচএস মহাখালীস্থ লেকের ইজারার ব্যাপারে লেঃ কর্নেল (অবঃ) এ এস এম রেজাউর রহমানের ০৯-১১-২০০০ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ২৯-১-২০০১ইং তারিখের ৬২৪/১/এ নং পত্র উপস্থাপন করা হইল।

৬ষ্ঠ পৃঃ দ্রঃ

...ীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে লেক ইজারা ডাককারী লেঃকর্ণেল(অবঃ) এ এস এম রেজাউর রহমান এর জমাকৃত টাকা এমসড চেকের মাধ্যমে ফেরৎ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইল।

...াব নং-২০ঃ ডিওএইচএস মহাখালী এলাকায় পিএবিএক্স ফোন লাইন সংযোগ দেওয়ার অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে সাতমহল কমিউনিকেশন নেটওয়ার্ক এর ১১-২-২০০১ইং তারিখের আবেদনপত্র উপস্থাপন করা হইল।

...ীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রসহ স্টেশন সদর দপ্তরের অনুমতি সাপেক্ষে ডিওএইচএস মহাখালী এলাকায় পিএবিএক্স ফোন লাইন সংযোগ দেওয়ার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইল।

...াব নং-২১ঃ ডিওএইচএস মহাখালীস্থ ৩১৫ নং বাড়ীতে ডাকাতি প্রসংগে ডিওএইচএস মহাখালী এসোসিয়েশনের সেক্রেটারী কর্তৃক প্রদত্ত ২১-২-২০০১ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ২৮-২-২০০১ইং তারিখের ৬২৪/১/এ/১ নং পত্র উপস্থাপন করা হইল।

...ত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনাকালে অভিমত প্রকাশ করা হয় যে, ডিওএইচএস মহাখালী কমিটি কর্তৃক পরিচালিত নিরাপত্তা প্রহরা ব্যবস্থার মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে। তবে প্রয়োজনে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রশাসনিক সহায়তা প্রদান করা হইবে।

...ব নং-২২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা জনাব মোঃ কবির হোসেন সিকদারের ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৪-২-২০০১ইং তারিখের ৩/এমএলএন্ডসি/কন/ ১৬২-২/শা-৩/১৭ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

... সিদ্ধান্তঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৪-২-২০০১ইং তারিখের ৩/এমএলএন্ডসি/কন/ ১৬২-২/শা-৩/১৭ নং পত্র এবং তৎপ্রেক্ষিতে বোর্ডের আইন উপদেষ্টা এডভোকেট মোঃ কবির হোসেন সিকদারের ১৮-৩-২০০১ইং তারিখের পেশকৃত জবাবের উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে বোর্ডের আইন উপদেষ্টা কর্তৃক পেশকৃত জবাব যুক্তিযুক্ত বিবেচিত হওয়ায় বিষয়টি নিষ্পত্তিকল্পে উক্ত জবাব সুপারিশসহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। তবে ভবিষ্যতে এই ধরনের আইনী বিষয়ের ক্ষেত্রে বোর্ডের আইন উপদেষ্টাকে আরো সচেতনতা অবলম্বনের পরামর্শ দেওয়া হউক।

নং-২৩ঃ ঢাকা সেনানিবাস কেন্দ্রীয় ঈদগাহ মাঠে ঈদ-উল-আযহা এর জামাত অনুষ্ঠান উপলক্ষ্যে সংগৃহীত সরঞ্জামাদির প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে সর্বনিম্ন দরদাতা মেসার্স সাগর ডেকোরেটর, ৫৭, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক দাখিলকৃত ম্যাটসহ বিছানার প্রতি বর্গফুট ২/-(দুই)টাকা হিসাবে (১৮০'*১৩০')= ২৩,৪০০'০০ বর্গফুটের জন্য ৪৬,৮০০/- (ছেচল্লিশ হাজার আটশত)টাকা এবং প্রতি গেইট ১,০০০/-(এক হাজার)টাকা হিসাবে দুইটি গেইটের জন্য ২,০০০/-(দুই হাজার)টাকাসহ সর্বমোট ৪৮,৮০০/-(আটচল্লিশ হাজার আটশত)টাকার দরপত্র অনুমোদন। এই প্রসংগে স্টেশন সদর দপ্তরের ২৬-২-২০০১ইং তারিখের ৬১৯/২/এ নং পত্র উপস্থাপন করা হইল।

সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে মেসার্স সাগর ডেকোরেটরের ৪৮,৮০০/-(আটচল্লিশ হাজার আটশত)টাকার দর সর্বনিম্ন বিবেচিত হওয়ায় উহা সর্বসম্মতিক্রমে ঘটনোত্তর অনুমোদন করা হইল।

৭ম পৃঃদ্রঃ

ল নং-২৪ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০৯ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি বেগম হেলেনা খানম স্বামী-জনাব এস এম এ গোফরান গাজী এর নিকট হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে বাড়ীরমালিক বেগম জারিয়াতুল মওলা খানের ২৪-৯-২০০০ইং তারিখের আবেদন, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০৯-১-২০০১ইং তারিখের ছাড়পত্র এবং আইন উপদেস্টার মতামতসহ সংশ্লিষ্ট নথিটি উপস্থাপন করা হইল।

ত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০৯ নং প্লট/বাড়ীটি বেগম হেলেনা খানম স্বামী-জনাব এস এম এ গোফরান গাজী এর নিকট বিক্রয়/হস্তান্তর করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইল ।

নং-২৫ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৯ নং প্লটে নির্মিত বাড়ীর বি/৩ নং ফ্ল্যাটটি উইং কমান্ডার মোঃ সাকের ইকবাল খান মজলিশ এর নিকট হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে বাড়ীর মালিক বেগম রোকেয়া ওয়াদুদ এর ৩০-১০-২০০০ইং তারিখের আবেদন, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১২-২-২০০১ইং তারিখের ছাড়পত্র এবং আইন উপদেস্টার মতামতসহ নথিটি উপস্থাপন করা হইল।

সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৯ নং প্লটে নির্মিত বাড়ীর বি/৩ নং ফ্ল্যাটটি উইং কমান্ডার মোঃ সাকের ইকবাল খান মজলিশ এর নিকট বিক্রয়/হস্তান্তর করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইল ।

নং-২৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ১(এক) নং পাকা দোকানের ব্যাপারে ওয়াঃঅফিসার(অবঃ) মোঃ আবিদ আলীর ০৮-০২-২০০১ইং তারিখের আবেদনের উপর সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ২৮-২-২০০১ইং তারিখের ৬১৯/৪/এ নং পত্র এবং কিউএমজি মহোদয়ের মন্তব্যসহ ওয়াঃঅফিঃ(অবঃ) মোঃ আবিদ আলীর ১৫-২-২০০১ইং তারিখের আবেদনপত্র উপস্থাপন করা হইল ।

সিদ্ধান্তঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ১(এক) নং পাকা দোকানের উদ্ভূত সমস্যার ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হইল। সভায় সংশ্লিষ্ট নথিপত্রাদি পর্যালোচনা করিয়া দেখা গেল যে, আলোচ্য দোকানটির মালিকানা সম্পর্কে বিভিন্ন আদালতে একাধিক মামলা বর্তমানে বিচারাধীন রহিয়াছে। সভায় আলোচনান্তে উক্ত দোকানের মালিকানা সম্পর্কে মাননীয় আদালতের চূড়ান্ত সিদ্ধান্ত পাওয়ার পর সংশ্লিষ্ট ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

ং-২৭ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ডি/৮১-১, ডি/৮১-২ এবং ১৩/১৫ নং দোকানের ইজারা মেয়াদ বৃদ্ধির ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে ইজারা গ্রহীতাগণের আবেদনপত্র উপস্থাপন করা হইল ।

ন্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত ডি/৮১-১, ডি/৮১-২ এবং ১৩/১৫ নং দোকানের ইজারা মেয়াদ পরবর্তী ১(এক) বৎসরের জন্য বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হইল। তবে ইজারার মেয়াদকালে উক্ত দোকানসমূহের মালিকানা হস্তান্তর করা যাইবে না ।

৮ম পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-২৮ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে অস্থায়ী ভিত্তিতে বরফকল স্থাপনের জন্য জায়গা বরাদ্দের ব্যাপারে জনাব মোঃ মাসুদ হাসান ও জনাব মোঃ সিরাজ মিয়ার আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ১৬-১-২০০১ইং তারিখের ৬১১/৪/এ নং পত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে উক্ত মার্কেটে একটি আধুনিক সুপার মার্কেট নির্মাণের বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের বিবেচনাধীন রহিয়াছে বিধায় বর্তমানে সেই মার্কেটে বরফকল স্থাপনের আবেদনটি বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-২৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান বরাদ্দের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে নায়েক করণিক মোঃ রুহুল আমিন(অবঃ) এর আবেদনসহ আর্মি এভিয়েশন, ঢাকা সেনানিবাসের ২১-১-২০০১ইং তারিখের ৬০০১/৪১/৪০ নং পত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে উক্ত মার্কেটে একটি আধুনিক সুপার মার্কেট নির্মাণের বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের বিবেচনাধীন রহিয়াছে বিধায় দোকান বরাদ্দের আবেদনটি বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-৩০ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের দুইটি শৌচাগার বরাদ্দের বিষয়ে জনাব এ বি এম জাহাংগীর এর আবেদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ১৬-১-২০০১ইং তারিখের ৬১১/৪/এ/১ নং পত্র এবং বর্তমান ইজারাগ্রহীতার ২৮-২-২০০১ইং তারিখের আবেদনপত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে আবেদনটি বিবেচনা করা গেল না। তবে বর্তমান ইজারা মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর শৌচাগার দুইটি প্রকাশ্য নিলামের মাধ্যমে ইজারা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-৩১ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান বরাদ্দের ব্যাপারে জনাব বছির মিয়া, জনাব মাসুদ হাসান ও জনাব এ বি এম জাহাংগীর এর আবেদনের উপর সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ১৬-১-২০০১ইং তারিখের ৬১১/৪/এ/২ নং পত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে উক্ত মার্কেটে একটি আধুনিক সুপার মার্কেট নির্মাণের বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের বিবেচনাধীন রহিয়াছে বিধায় দোকান বরাদ্দের আবেদনটি বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-৩২ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বি/৪১ নং দোকানের ব্যবসায়ীর অনভিপ্রেত আচরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ১৪-৩-২০০১ইং তারিখের ৬১১/৪/এ নং পত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের নিয়ম শৃঙ্খলা কঠোরভাবে বজায় রাখার নিমিত্তে বিষয়টির উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হইল।

৯ম পৃঃ দ্রঃ

নং-৩৩ঃ সেনাপল্লী উচ্চ বিদ্যালয়,মিরপুর-১৪ মধ্যে দোকান বরাদ্দের জন্য নায়েব সুবেঃ(অবঃ) মহিউদ্দিন এর আবেদনের উপর সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ২২-২-২০০১ইং তারিখের ৬১১/৪/এ নং পত্র উপস্থাপন করা হইল ।

সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে উক্ত বিদ্যালয়ে ক্যান্টিন নির্মাণের উপযোগী স্থান না থাকায় ও বিদ্যালয়ের সুষ্ঠু পরিবেশ রক্ষার স্বার্থে দোকান বরাদ্দের আবেদনটি বিবেচনা করা গেল না।

নং-৩৪ঃ মরহুম মেজর জেনাঃ সিরাজ জিন্নাত(অবঃ)এর কবরের পার্শ্বের জায়গা মরহুমের স্ত্রীর জন্য রিজার্ভ রাখা প্রসংগে মরহুমের দুই ছেলে ডাঃ মামুন সিরাজ ও ডাঃ মাসুম সিরাজ এর ২৯-১-২০০১ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে মরহুম মেজর জেনাঃ সিরাজ জিন্নাত(অবঃ) এর কবরের পার্শ্বের জায়গা মরহুমের স্ত্রীর জন্য সংরক্ষণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল ।

নং-৩৫ঃ বিএ-২৯ লেঃকর্ণেল মোঃ আজিজুর রহমান চৌধুরী এর স্ত্রীর কবরের পার্শ্বের জায়গা নিজের জন্য রিজার্ভ রাখা প্রসংগে তাঁহার ৩০-১-২০০১ইং তারিখের আবেদন এবং তাঁহার স্ত্রীর কবর পাকা করা প্রসংগে ৩০-১-২০০১ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে বিএ-২৯ লেঃ কর্ণেল মোঃ আজিজুর রহমান চৌধুরী(অবঃ) এর স্ত্রীর কবরের পার্শ্বের জায়গা তাঁহার নিজের জন্য সংরক্ষণ এবং কবর পাকা করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল ।

নং-৩৬ঃ সেনানিবাস কবরস্থানে কবর পাকাকরণ প্রসংগে প্রাপ্ত ০৯(নয়)টি আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্তঃ কবর পাকা করার বিষয়ে প্রাপ্ত ০৯(নয়)টি আবেদনপত্র সভায় আলোচনান্তে বিবেচনা করার সিদ্ধান্ত গৃহীত হইল ।

নং-৩৭ঃ বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড কর্তৃক শহীদ সরণিস্থ ঢাকা সেনানিবাসের বিভিন্ন রাস্তা খনন করিয়া ক্যাবল বিছানোর পর উহা মেরামতকরণের মূল্যানুমান সম্পর্কে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৮-২-২০০১ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৮-এ-১০/শা-৮/৭০ নং পত্রটি অবহিত হওয়া এবং বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড কর্তৃক রাস্তা খননের অগ্রগতি পর্যালোচনাকরণ।

সিদ্ধান্তঃ পত্রটি অবহিত হওয়া গেল। বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড কর্তৃক খননকৃত রাস্তা মেরামতের জন্য ৫৮,৫৯,২৬২/-(আটান্ন লক্ষ উনষাট হাজার দুইশত বাষট্টি)টাকার মূল্যানুমান অনুমোদন করা হইল। এতদ্ব্যতীত শহীদ সরণির পরিস্কার-পরিচ্ছন্নতাসহ ফুটপাত মেরামত ও অন্যান্য আনুসংগিক কাজ যাহা তাৎক্ষণিকভাবে সম্পন্ন করা অপরিহার্য হইয়া পড়ে,উহা বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড কর্তৃক জমাকৃত অর্থ হইতে সংকুলান করিয়া সম্পন্নকরণের অনুমোদন দেওয়া হইল। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের নিকট ব্যয়ের চূড়ান্ত অনুমোদন চাওয়া হউক ।

১০ম পৃঃদ্রঃ

নং-৩৮ঃ আর্মি এম পি ইউনিট, ঢাকা সেনানিবাসের ০৬-২-২০০১ইং তারিখের ২১২/১৫৩/কিউ নং পত্রের আলোকে ঢাকা সেনানিবাসের গুরুত্বপূর্ণ পয়েন্টে ম্যাগা রিফ্লেকটিভ সাইন বোর্ড স্থাপনের নিমিত্তে মেসার্স হাসনাত এন্টারপ্রাইজ, ১৪/সি, দিলু রোড, নিউ ইস্কাটন, ঢাকাকে ৪৪,০০০/-(চুয়াল্লিশ হাজার) টাকার বিল পরিশোধের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে ঢাকা সেনানিবাসের গুরুত্বপূর্ণ পয়েন্টে দুইটি ম্যাগা রিফ্লেকটিভ সাইন বোর্ড স্থাপনের নিমিত্তে মেসার্স হাসনাত এন্টারপ্রাইজ, ১৪/সি, দিলু রোড, নিউ ইস্কাটন, ঢাকাকে ৪৪,০০০/-(চুয়াল্লিশ হাজার) টাকার বিলটি পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। উক্ত অর্থ বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড কর্তৃক জমাকৃত অর্থ হইতে সংকুলান করার অনুমোদন দেওয়া হইল। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের নিকট সংশ্লিষ্ট কাজের জন্য ৪৪,০০০/-(চুয়াল্লিশ হাজার) টাকা ব্যয়ের চূড়ান্ত অনুমোদন চাওয়া হউক।

নং-৩৯ঃ মহাখালী ডিওএইচএস এলাকার লেকের চর্তুদিকে রিটেইনিং ওয়ালসহ ফুটপাত নির্মাণ কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে মহাখালী ডিওএইচএস এলাকার লেকের চর্তুদিকে রিটেইনিং ওয়ালসহ ফুটপাত নির্মাণ প্রকল্পটির মধ্যে উক্ত লেকের উত্তর দিকের ওয়াকওয়ে নির্মাণ কাজ নিরাপত্তাজনিত কারণে না করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অবহিত করা হউক।

নং-৪০ঃ সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২৮-২-২০০১ইং তারিখের ৩৯১৭/৮/ডিওএইচএস/খ-৭/এমকিউ-২ নং পত্রের প্রেক্ষিতে ডিওএইচএস মহাখালীস্থ সিএসডি বিল্ডিং এর দোতলায় পূর্বপার্শ্বে সিএসডি'র স্টোর/অফিস এবং পশ্চিমপার্শ্বে ডিওএইচএস কমিটির অফিস হিসাবে বরাদ্দ ও পার্টিশন স্থাপনের জন্য ৩৫,৭৫০/-(পঁয়ত্রিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার মূল্যানুমানের বিষয়ে আলোচনা ও ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ডিওএইচএস মহাখালীস্থ সিএসডি বিল্ডিং এর দোতলায় পূর্বপার্শ্বে সিএসডি'র স্টোর/অফিস এবং পশ্চিমপার্শ্বে ডিওএইচএস কমিটির অফিস হিসাবে বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হইল। এতদ্ব্যাপারে পার্টিশন স্থাপনের নিমিত্তে ৩৫,৭৫০/-(পঁয়ত্রিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হইল। উক্ত ভবনের নীচতলার জন্য ধার্য্যকৃত ভাড়ার আনুপাতিক হারে দোতলার ভাড়া নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হইল। ৩৫,৭৫০/-(পঁয়ত্রিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

নং-৪১ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৪-৩-২০০১ইং তারিখের ১/এমএলএন্ডসি/ইএসটিটি/২৩-২/৭৮ নং পত্রের প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ড বিল্ডিং নং-৭ (সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর) এর সম্প্রসারিত নতুন ভবনের অতিথি কক্ষের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহের নিমিত্তে আনুমানিক ২,০১,৫০০/-(দুই লক্ষ এক হাজার পাঁচশত) টাকার মূল্যানুমান ও অনুদান বরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

১১তম পৃঃ দ্রঃ

**ৃহীত সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড বিল্ডিং নং-৭ (সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর) এর সম্প্রসারিত নতুন ভবনের অতিথি কক্ষের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহের নিমিত্তে আনুমানিক ২,০১,৫০০/-(দুই লক্ষ এক হাজার পাঁচশত)টাকার মূল্যানুমান সর্বসম্মতভাবে অনুমোদন করা হইল। প্রয়োজনীয় অনুদান বরাদ্দসহ মূল্যানুমানটি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

**স্তাব নং-৪২ঃ** ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ১(এক) নম্বর গভীর নলকূপটির (১৩ বৎসর পূর্বে স্থাপিত) পানির স্তরজনিত সমস্যার কারণে পানি উত্তোলন ক্ষমতা আশংকাজনকভাবে হ্রাস পাওয়ায় নতুন একটি নলকূপ স্থাপনের নিমিত্তে ১৬,২৩,১৫০/-(ষোল লক্ষ তেইশ হাজার একশত পঞ্চাশ)টাকার মূল্যানুমানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**হীত সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে নতুন একটি গভীর নলকূপ স্থাপনের নিমিত্তে ১৬,২৩,১৫০/-(ষোল লক্ষ তেইশ হাজার একশত পঞ্চাশ)টাকার মূল্যানুমান অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য মূল্যানুমানটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

**তাব নং-৪৩ঃ** শহীদ সরণির সেনাভবনের সম্মুখে গোলাপ বাগানকে গ্রীল দ্বারা ঘেরাওকরণের বিষয়ে গত ১১-১-২০০১ইং তারিখের বোর্ডসভার প্রস্তাব নং-২২(১৬)-এর বিপরীতে গৃহীত সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**হীত সিদ্ধান্তঃ** বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। শহীদ সরণিস্থ সেনাভবনের সম্মুখের গোলাপ বাগানকে গ্রীল দ্বারা ঘেরাওকরণের নিমিত্তে সি এম ই এস(আর্মি) কর্তৃক পূর্বে তেন্ডারকৃত ২২(বাইশ)% উর্দ্ধ দরটি সর্বসম্মতভাবে অনুমোদন করা হইল। সংশ্লিষ্ট ঠিকাদার অনুমোদিত দরে কাজ করিতে সম্মত থাকিলে তাহার নিকট হইতে সম্মতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করা হউক।

**তাব নং-৪৪ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত প্রকল্প/মেরামত কাজের মূল্যানুমান অনুমোদনকরণঃ-

| মিক নং | কাজের বিবরণ | | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী |
|---|---|---|---|
| ) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১৩ নং বাড়ীর পানি নিস্কাশনের জন্য কালভার্ট ও ড্রেন নির্মাণকরণ। | = | ৪২,৬৭৬/-টাকা |
| ) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিস বিল্ডিং এর ছাদে পিসিসিকরণ ও বোর্ড কক্ষসহ তিনটি কক্ষের প্রয়োজনীয় মেরামত ও রংকরণ। | = | ৪৬,৯২৩/- " |
| ) | মহাখালী ডিওএইচএস এলাকার শিশুপার্ক মেরামত ও রংকরণ | = | ৮০,৯৪৮/- " |
| | মহাখালী ডিওএইচএস এলাকার ১০ ও ১১ নং লেইন মেরামত ও সীলকোটকরণ। | = | ৮৮,২৭২/- " |
| | মহাখালী ডিওএইচএস এলাকার ২৯ নং রোডের উত্তরপার্শ্বে পূর্বদিক হইতে ১৯/এ পর্যন্ত ফুটপাত নির্মাণকরণ। | = | ৩,৯৯,৬৮৯/- " |

১২তম পৃঃ দ্রঃ

| ...িক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী |
|---|---|---|
| ) | বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড কর্তৃক শহীদ সরণিস্হ ঢাকা সেনানিবাসের বিভিন্ন রাস্তায় ক্যাবল বিছানোর নিমিত্তে কর্তনকৃত মাটি/রাবিশ নীচু এলাকায় ভরাটকরণঃ- | |
| | (ক) ক্যাণ্টনমেণ্ট বাজার এলাকায় ৭ নং রোডের মাথায় ৩য় শ্রেণীর কর্মচারীদের বাসস্হানের নীচু এলাকা ভরাটকরণ । | = ৪৫,৮০৯/-টাকা |
| | (খ) ক্যাণ্টনমেণ্ট বোর্ডের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের বাসস্হানের নীচু এলাকা ভরাটকরণ। | = ৪২,৩৬৬/- " |
| ) | শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বাথরুমের স্যুয়ারেজ লাইন ও ইন্সপেকশন পিট তৈরীকরণ। | = ২৮,৮৪৪/- " |
| ) | ক্যাণ্টনমেণ্ট বাজার এলাকাস্হ ৩ নং সড়ক এর ক্যাণ্টনমেণ্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৬/এ এর উত্তরপার্শ্বের চৌহদ্দি দেওয়াল ও গেইট নির্মাণকরণ। | = ১,৩০,৪৪৮/- " |

সিদ্ধান্তঃ ঢাকা ক্যাণ্টনমেণ্ট বোর্ডের উপরোল্লিখিত প্রকল্প/মেরামত কাজের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ০৮(আট)টি কাজের মূল্যানুমান সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। এস্টিক নং-২ এবং এস্টিক নং-৭ ব্যতীত অবশিষ্ট ০৬(ছয়)টি কাজের মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

নং-৪৫ঃপ্রেসিডেন্ট, ক্যাণ্টনমেণ্ট বোর্ড কর্তৃক অনুমোদিত ঢাকা ক্যাণ্টনমেণ্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর ঘটনোত্তর অনুমোদনকরণঃ-

| ...নং | কাজের বিবরণ | মূল্যানুমান | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | ঢাকা সেনানিবাসের মহাখালী ডিওএইচএস এলাকার লেকের চর্তুদিকে রিটেইনিং ওয়ালসহ ফুটপাত নির্মাণের প্রয়োজনীয় নকশা(স্ট্রাকচারালসহ)প্রস্তুত ও সরবরাহকরণ। | =৫০,০০০/- | টেকনো বিল্ডার্স এন্ড কনসালটেন্ট | সাইট নকশা (স্ট্রাকচারাল নকশাসহ) এবং আর্কিটেকচারাল =৫০,০০০/-টাকা | কার্যাদেশ প্রদান করা হইয়াছে। |
| | ঢাকা সেনানিবাসের মহাখালী ডিওএইচএস এলাকার লেকের চর্তুদিকে রিটেইনিং ওয়ালসহ ফুটপাত নির্মাণের জন্য মাটির গুণাগুন পরীক্ষাসহ সার্ভে ম্যাপ তৈরীকরণ। | =৩০,০০০/- | ইউনিক কনসালটিং সার্ভিসেস | ৫টি বোর পয়েন্টের জন্য প্রতি বোর পয়েন্ট ৪০০০/- (চার হাজার) টাকা করে এবং সার্ভে ম্যাপ তৈরীকরণ ১০,০০০/- (দশ হাজার) টাকা। | কার্যাদেশ প্রদান করা হইয়াছে। |

সিদ্ধান্তঃ উপরোল্লিখিত সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। বিস্তারিত আলোচনান্তে পিসিবি কর্তৃক অনুমোদিত দরসমূহ সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্তভাবে ঘটনোত্তর চূড়ান্ত অনুমোদন করা হইল ঃ-

(১) ৫০,০০০/-(পঞ্চাশ হাজার)টাকার দর অনুমোদিত

(২) ৩০,০০০/-(ত্রিশ হাজার)টাকার দর অনুমোদিত।

১৩তম পৃঃ দ্রঃ

ঃ-১৩-ঃ

...র নং-৪৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণঃ-

| ...িক নং | কাজের বিবরণ | | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|---|
| ১) | সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের ডোম ও উক্ত মসজিদের সম্মুখস্থ দেওয়াল রংকরণ। | = | ২২,২০০/- | মেসার্স মনির এন্ড কোং | ১২(বার)%উর্ধ্বে |
| ২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২ নং পানির পাম্পের জন্য ৫০ হর্স পাওয়ার বৈদ্যুতিক মটর (এক্সট্রা) রি-ওয়াইন্ডিংকরণ। | = | ২৩,০০০/- (বাজার দর) | জয়নাল আবেদীন এন্ড কোং লিঃ | ২৩,০৬৬/-(তেইশ হাজার ছেষট্টি) টাকা |
| ৩) | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অভ্যন্তরীণ অংশের মেরামত ও রংকরণ। | = | ১,৫০,০০০/- | মেসার্স আজিজ কর্পোরেশন | ১৭(সতর)% উর্ধ্বে |
| ৪) | স্বাধীনতা সরণির বনানী এমপি চেক পোস্ট হইতে নীর উত্তর লেঃ শহীদ আনোয়ার গার্লস কলেজ পর্যন্ত মেরামত ও কার্পেটিংকরণ। (টিএন্ডটি কর্তৃক কর্তনকৃত রাস্তা) | = | ৪,৬০,২৯৬/- | মেসার্স এস এস এন্টারপ্রাইজ | ১৫(পনর)%নিম্নে |
| | ক্যান্টনমেন্ট বাজার এরিয়া এবং কচুক্ষেত পুরাতন বাজার এলাকা পর্যন্ত মেরামত ও কার্পেটিংকরণ। (টিএন্ডটি কর্তৃক কর্তনকৃত রাস্তা)। | = | ৯,৫৮,৯৫০/- | বিল্ডার্স কর্পোরেশন | ৭.৮১(সাত দশমিক আট এক)%নিম্নে |
| | বনানী ডিওএইচএস এলাকায় রাস্তাসমূহ মেরামত ও কার্পেটিংকরণ (টিএন্ডটি কর্তৃক কর্তনকৃত রাস্তা)। | = | ৫,৬৭,৯৬০/- | মেসার্স সেভেন সিরীজ এন্টারপ্রাইজ | ২৫.৯১(পঁচিশ দশমিক এক নয়)% নিম্নে |
| | শহীদ সরণিস্থ এয়ার হেডকোয়ার্টার হইতে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পর্যন্ত মেরামত ও কার্পেটিংকরণ (টিএন্ডটি কর্তৃক কর্তনকৃত রাস্তা)। | = | ৮,৫২,৪০০/- | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন | ২৭(সাতাশ)%নিম্নে |
| | শহীদ সরণিস্থ ক্যান্টনমেন্ট বোর্ড অফিস হইতে বিজয় কেতন পর্যন্ত মেরামত ও কার্পেটিংকরণ (টিএন্ডটি কর্তৃক কর্তনকৃত রাস্তা)। | = | ৮,৬৪,৬৭৫/- | এম আর এন্টারপ্রাইজ | ২৭(সাতাশ)%নিম্নে |
| | শহীদ সরণিস্থ বিজয় কেতন হইতে সিগন্যাল গেইট পার হইয়া আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী পর্যন্ত মেরামত ও কার্পেটিংকরণ (টিএন্ডটি কর্তৃক কর্তনকৃত রাস্তা)। | = | ৯,০০,৭৮৭/- | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ | ২০(বিশ)%নিম্নে |
| | শহীদ সরণিস্থ সিএমএইচ এর উত্তর দিকের রাস্তা, বিএসডি, আইএসএসবি এবং এএসইউ এর রাস্তাসমূহ মেরামত ও কার্পেটিংকরণ(টিএন্ডটি কর্তৃক কর্তনকৃত রাস্তা)। | = | ৫,৭৫,৩৭০/- | মেসার্স মনি ট্রেডিং | ২৫(পঁচিশ)%নিম্নে |
| | শহীদ সরনী হইতে বিএএফ গার্ডরুম পর্যন্ত মেরামত ও কার্পেটিংকরণ (টিএন্ডটি কর্তৃক কর্তনকৃত রাস্তা)। | = | ৭,৬৭,৯৬০/- | মেসার্স বসুন্ধরা ট্রেডার্স | ২৭(সাতাশ)%নিম্নে |
| | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত শহীদ বদিউজ্জামান সড়কের বাড়ী নম্বর-৪৫ এবং ৪৮ এর সম্মুখে ২(দুই)টি এক্স ড্রেন নির্মাণকরণ। | = | ৩৫,২৬৭/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ২৩(তেইশ)%উর্ধ্বে |

১৪তম পৃঃ দ্রঃ

ত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। বোর্ডের কারিগরী সদস্য সি এম ই এস (আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে এম ই এস-এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রাখিয়া কাজগুলির সর্বনিম্ন দর নির্ধারণ (ভেটিং) করা হইয়াছে। সি এম ই এস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত ক্রমিক নং-১,২,৩ এবং ১২ এর জন্য নিম্নেবর্ণিত দরসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। উক্ত অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করিতে সম্মত থাকিলে তাহাদের নিকট হইতে সম্মতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করা হউক ঃ-

(১) ০৭(সাত)% উর্দ্ধ দর অনুমোদিত
(২) সর্বমোট ২১,৮০০/-(একুশ হাজার আটশত)টাকার দর অনুমোদিত
(৩) ১৪(চৌদ্দ)% উর্দ্ধ দর অনুমোদিত
(১২) ২০(বিশ)% উর্দ্ধ দর অনুমোদিত

ক্রমিক নং-৪ হইতে ১১ পর্যন্ত ৮(আট)টি কাজের ব্যাপারে বোর্ডের কারিগরী সদস্য সি এম ই এস (আর্মি)সভায় জানান যে, ঠিকাদার কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দরসমূহ বাস্তবসম্মত নয় বিধায় ভেটিং করা হয় নাই। কিন্তু উক্ত কাজের দরপত্র সিডিউলে যথাযথ তথ্য অন্তর্ভুক্ত ছিল বিধায় বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঠিকাদার কর্তৃক প্রদত্ত নিম্নোক্ত সর্বনিম্ন দরগুলি অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ঃসংশ্লিষ্ট ঠিকাদারদেরকে কার্যাদেশ প্রদান করা হউক

(৪) ১৫%(শতকরা পনর) নিম্নদর (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) অনুমোদিত
(৫) ৭'৮১%(শতকরা সাত দশমিক আট এক) নিম্নদর (ঠিকাদার কর্তৃক প্রদত্ত)অনুমোদিত
(৬) ২৫'১৯%(শতকরা পঁচিশ দশমিক এক নয়)নিম্নদর (ঠিকাদার কর্তৃক প্রদত্ত)অনুমোদিত
(৭) ২৭%(শতকরা সাতাশ)নিম্নদর (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) অনুমোদিত
(৮) ২৭%(শতকরা সাতাশ)নিম্নদর(ঠিকাদার কর্তৃক প্রদত্ত) অনুমোদিত
(৯) ২০%(শতকরা বিশ) নিম্নদর (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) অনুমোদিত
(১০) ২৫%(শতকরা পঁচিশ) নিম্নদর (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) অনুমোদিত
(১১) ২৭%(শতকরা সাতাশ) নিম্নদর (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) অনুমোদিত।

তাহাছাড়া কাজের গুণগতমান নিশ্চিতকরণসহ স্পেসিফিকেশন অনযায়ী প্রকল্পের কাজ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্নকরণের নিমিত্তে নিম্নোক্তভাবে একটি তদারকী কমিটি গঠন করা হইল। উক্ত কমিটির সুপারিশ ছাড়া সংশ্লিষ্ট কাজের কোন বিল পরিশোধ না করার সিদ্ধান্তও গৃহীত হইল ঃ-

(ক) লেঃ কর্ণেল মোহাম্মদ শাহ আলম — আহবায়ক
সি এম ই এস (আর্মি), ঢাকা সেনানিবাস
সদস্য, ক্যান্টনমেন্ট বোর্ড।

(খ) প্রতিনিধি, স্টেশন সদর দপ্তর — সদস্য
ঢাকা সেনানিবাস।

(গ) ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার, — সদস্য
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

১৫তম পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-৪৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কাজের জামানতের টাকা ফেরৎ দেওয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। জামানত ফেরৎযোগ্য কাজের তালিকা সভায় উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ জামানত ফেরৎযোগ্য কাজের তালিকার উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। সংশ্লিষ্ট প্রকল্প/মেরামত কাজের দায়িত্বে নিয়োজিত প্রকৌশলী/ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার যৌথভাবে প্রকল্প/মেরামত কাজ সমাপ্তির ১(এক) বৎসর পর সম্পাদিত কাজগুলি গুণগতমানের দিক দিয়া যথাযথ ও এুটিমুক্ত আছে বলিয়া প্রত্যয়নপত্র দাখিল করায় উপস্থাপিত ফেরৎযোগ্য নিম্নেবর্ণিত ২২(বাইশ)টি প্রকল্প/মেরামত কাজের জামানত সংশ্লিষ্ট কাজের অডিট নিরীক্ষান্তে ফেরৎ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | | ফার্ম/ঠিকাদারের নাম |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের সিএমও এর রুমের জন্য কুশন চেয়ার(অটোবি কোং) সরবরাহকরণ। | = | মেসার্স কসমিক ইঞ্জিনিয়ার্স |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোড পুনঃস্থাপনকরণ ও ড্রেন নির্মাণ। | = | মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স |
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি এর ১৬টি বাসা মেরামত ও রক্ষণাবেক্ষন কাজ। | = | মেসার্স সাহাবুদ্দিন এন্টারপ্রাইজ |
| (৪) | সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের সম্মুখে ঈদগাহ ময়দানের উন্নয়নমূলক কাজ। | = | মেসার্স হক এন্টারপ্রাইজ |
| (৫) | শহীদ সরণির ফুটপাত সংস্কার ও মেরামত রংকরণ। | = | মেসার্স হাবিব এন্ড সন্স কোং |
| (৬) | শহীদ সরণির মেরামতকরণ(শহীদ জাহাঙ্গীর গেইট হইতে সিগন্যাল গেইট পর্যন্ত)। | = | মেসার্স হাবিব এন্ড সন্স কোং |
| (৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড বিল্ডিং নং-৭(সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর)এর সম্মুখের হার্ডস্ট্যান্ড নির্মাণ। | = | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ |
| (৮) | বারিধারা ডিওএইচএস এলাকার ৫৩০/এ নং প্লটে মাটি ভরাটকরণ। | = | মেসার্স সেভেন সিরীজ এন্টারপ্রাইজ |
| (৯) | বারিধারা ডিওএইচএস এলাকার ৫৩৯/এ নং প্লটে মাটি ভরাটকরণ। | = | মেসার্স সেভেন সিরীজ এন্টারপ্রাইজ |
| (১০) | বারিধারা ডিওএইচএস এলাকার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের আসবাবপত্র তৈরীকরণ। | = | মেসার্স জুয়েল এন্টারপ্রাইজ |
| (১১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/এ নং বাড়ীর মেরামত ও রংকরণ কাজ | = | মেসার্স আলম ব্রাদার্স |
| (১২) | মহাখালী ডিওএইচএস এলাকার প্লট নং-বি/১৩২ নং প্লটের সম্মুখের তিন রাস্তার মোড়ে খালি জায়গা গ্রীল দ্বারা ঘেরাওকরণ। | = | মেসার্স প্যারাগন ইঞ্জিনিয়ারিং এসোসিয়েট |
| (১৩) | মহাখালী ডিওএইচএস এলাকার রাওয়া ক্লাব হইতে লেইন নং-১ পর্যন্ত রাস্তার পূর্বপার্শ্বে ফুটপাত নির্মাণ। | = | মেসার্স কাশেম এন্ড সন্স |
| (১৪) | রজনীগন্ধা সুপার মার্কেটের বিদ্যুৎ উপকেন্দ্রের জন্য ৫০০ এম্পীয়ার সারকিট ব্রেকার সরবরাহকরণ। | = | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স |
| (১৫) | শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বাস ভবনের পানি, বিদ্যুৎ লাইন মেরামতকরণ। | = | মেসার্স আমিন ব্রাদার্স |
| (১৬) | শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞানাগারে গ্যাস লাইন স্থাপনকরণ। | = | মেসার্স খান ট্রেডার্স |
| (১৭) | সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের বৈদ্যুতিক মেইন লাইন ও অভ্যন্তরীণ বৈদ্যুতিক ওয়্যারিং পরিবর্তনকরণ | = | এম আর এন্টারপ্রাইজ |

১৬তম পৃঃ দ্রঃ

| এক্রমিক নং | কাজের বিবরণ | ঠিকাদার/ফার্মের নাম |
|---|---|---|
| (১৮) | শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞানাগারের পানি সরবরাহ/নিস্কাশন লাইন স্থাপনকরণ। | = মেসার্স মিলন এন্টারপ্রাইজ |
| (১৯). | ঢাকা সেনানিবাসের শহীদ সরণি ও স্বাধীনতা সরণির জেব্রা এক্রসিং-এ বাটন কন্ট্রোল লাইট স্থাপনকরণ। | = মাইএশ ইলেকট্রনিক্স |
| (২০) | মুসলিম মডার্ণ একাডেমীর রক্ষণাবেক্ষন ও মেরামত কাজ। | = মেসার্স আমিন ব্রাদার্স |
| (২১) | মুসলিম মডার্ণ একাডেমীর ৬(ছয়)টি শ্রেণী কক্ষের আসবাবপত্র সরবরাহকরণ। | = মেসার্স নাহার ট্রেডিং ইন্টারন্যাশনাল |
| (২২) | শহীদ সরণি হইতে মুসলিম মডার্ণ একাডেমী পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ। | = মেসার্স মিলন এন্টারপ্রাইজ |

স্তাব নং-৪৮ঃ ব্রিটিশ-আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোং লিঃ কর্তৃক ২৮-১-২০০১ইং ও ৩০-১-২০০১ইং তারিখে দাখিলকৃত ২(দুই)টি নকশা অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

হীত সিদ্ধান্তঃ আলোচনান্তে দাখিলকৃত নকশা দুইটি সি এম ই এস (আর্মি) কর্তৃক কারিগরী দিক থেকে ভেটিং-এর পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

স্তাব নং-৪৯ঃ ঢাকা সেনানিবাস ডিওএইচএস, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা এবং বর্ধিত এলাকার বাড়ী নির্মাণের ২৫(পঁচিশ)টি নকশা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হইয়াছে। উক্ত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদনের জন্য তালিকা পেশ করা হইল ঃ-

| ক্রমিক নং | প্লটের মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১) | বেগম সাজেদা মাহবুব | ৩০৪ | বারিধারা ডিওএইচএস | |
| ২) | ব্রিগেঃজেনাঃ ইসমত আহমেদ চৌধুরী | ৩৮৩ | ,, | |
| ৩) | কর্ণেল মোঃ আবুল কাশেম | ৫০৪ | ,, | |
| ৪) | জনাব এখলাছুর রহমান ও জেড এইচ এফ ফকরুল | ৩২৫ | ,, | |
| ৫) | ক্যাপ্টেন এম নুরুল আমিন | ৪৭৭ | ,, | |
| ৬) | মেজর শাহ জাকারিয়া (অবঃ) | ১৫০ | ,, | |
| ৭) | ব্রিগেঃজেনাঃজাহাঙ্গীর হোসাইন | ২৯৮ | ,, | |
| ৮) | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন খান | ৩১৬ | ,, | সংশোধিত |
| ৯) | মেজর(অবঃ) তানভিরুজ্জামান আহমেদ | ৩৩৮ | ,, | ,, |
| ১০) | এয়ার কমোঃফকরুল আজম,পিএসসি | ৩৭৬ | ,, | ,, |
| ১১) | মেজর মোঃ নজরুল ইসলাম | ১৫৭ | ,, | ,, |
| ১২) | ব্রিগেঃজেনাঃ ফজলে এলাহী আকবর | ৩০৫ | ,, | ,, |
| ১৩) | লেঃ কর্ণেল মোঃ মোবারক হোসাইন | ১৮১ | ,, | ,, |
| ১৪) | মেজর মির্জা সামসুল ওয়াজেদ | বি/১৩৩ | মহাখালী ডিওএইচএস | ,, |
| ১৫) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ শামীম হোসেন,পিএসসি(অবঃ) | ১৭৯ | ,, | ,, |
| ১৬) | বেগম সামছুন নাহার রশিদ গং | ২৩ | বনানী ডিওএইচএস | ,, |
| ১৭) | ব্রিগেঃজেনাঃমোশারফ হোসেন,পিএসসি(অবঃ) | ৫০/এ | ,, | ,, |
| ১৮) | ব্রিগেঃজেনাঃ মোসলেহউদ্দিন আহমেদ | ৫০ | ,, | ,, |
| ১৯) | শেখ আব্দুল হাই বাচ্চু ও শেখ শাহারিয়ার পান্না | ২/এ | ,, | |

| ক্রমিক নং | প্লটের মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (২০) | জনাব মোঃ আইয়ুব আলী মিয়া ও মোসাম্মৎ রওশন আরা বেগম | ১০৮(আংশিক) | লালাসরাই | |
| (২১) | জনাব মোঃ জাকির হোসেন ও জনাব মোঃ আনোয়ার হোসাইন | ৫৩৪ ও ৫৩৫(আংশিক) | লালাসরাই | |
| (২২) | জনাব মোঃ তোফাজ্জল হোসেন খন্দকার গং | ১৪৫,১৪৬,১৪৭(আংশিক) | লালাসরাই | |
| (২৩) | বেগম মমতাজ বেগম ও জনাব মোঃ আব্দুল মান্নান | সিএস-১২৬(অংশ) | লালাসরাই | |
| (২৪) | জনাব মোঃ শাহাবউদ্দিন ও জনাব আঃ রশিদ | সিএস-১০২(অংশ) | লালাসরাই | |
| (২৫) | জনাব মোঃ কাইয়ুম খান | ২৮৪(অংশ) | ইব্রাহিমপুর । | |

গৃহীত সিদ্ধান্তঃ অবহিত হওয়াসহ ঘটনোত্তর অনুমোদন করা হইল ।

প্রস্তাব নং-৫০ঃ বিবিধ ।

(ক) বারিধারা ডিওএইচএস এলাকার ০.৩৩৬৬ একর "সি" শ্রেণীভুক্ত জমি সেনা কল্যাণ সংস্থার নিকট ইজারা প্রদান প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৪-৩-২০০১ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩৬৮-২/শা-৩/১২ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(খ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস,১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| ১) | রজনীগন্ধা সুপার মার্কেটের হকার্স পুনর্বাসনের জন্য বাজারের দক্ষিণ পূর্বদিকে হার্ডস্ট্যান্ড নির্মাণকরণ। | = ১,৭৫,৪৭৮/-টাকা | মেসার্স জি এম ট্রেডার্স | ২৬(ছাব্বিশ)% উর্ধ্বে |

(গ) রজনীগন্ধা সুপার মার্কেটে ঈদ উপলক্ষ্যে বাহিরে বসন্না বিএনী প্রসংগে স্টেশন সদর দপ্তরের ০১-৩-২০০১ইং তারিখের ৬১৯/৩/এ নং পত্রের সঙ্গে প্রাপ্ত আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(ঘ) ডিওএইচএস বারিধারা এলাকায় সংবাদপত্র সরবরাহের নিমিত্তে জনাব মোঃ মীর হোসেন এর নামে ট্রেড লাইসেন্স প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদনসহ স্টেশন সদর দপ্তরের ১১-৩-২০০১ তারিখের ৬২৪/১/এ নং পত্র উপস্থাপন করা হইল।

(ঙ) স্টেশন সদর দপ্তর,ঢাকা সেনানিবাসের ১১-৩-২০০১ইং তারিখের ৭০৩/২/কিউ-৩ নং পত্রের প্রেক্ষিতে স্বাধীনতা সরণি এবং শহীদ সরণির ফুটপাতের পার্শ্বে জি আই পাইপ দ্বারা রেলিং নির্মাণের নিমিত্তে ৯,০৭,১২৬/-(নয় লক্ষ সাত হাজার একশত ছাব্বিশ)টাকার (এমইএস সিডিউল অব রেইটস,১৯৯৫ অনুযায়ী)মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

১৮তম পৃঃদ্রঃ

(চ) ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৭ নং বিল্ডিং(সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর) এর নতুন অংশের তৃতীয় তলা নির্মাণের নিমিত্তে ১৬,৬৭,৪৩৬/-(ষোল লক্ষ সাতষট্টি হাজার চারশত ছত্রিশ)টাকার (এম ই এস সিডিউল অব রেইটস,১৯৯৫ অনুযায়ী) মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ(ভার্টিক্যাল এক্সটেনশন)।

(ছ) ঢাকা সেনানিবাসের বারিধারা ডিওএইচএস এলাকার প্লট নং-৪৫৩ এর মালিক গ্রুপ ক্যাপ্টেন মোঃ ইসহাক মিয়া তাহার বাড়ী নির্মাণের সময়সীমা ১৩-১২-২০০০ হইতে ১২-১২-২০০১ইং তারিখ পর্যন্ত বর্ধিতকরণের বিষয়ে তদীয় ২০-৩-২০০১ইং তারিখের আবেদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(জ) মহাখালী ডিওএইচএস এলাকার প্লট নং-বি/১৩২ এর সম্মুখে নব-নির্মিত পার্কে গার্ডেন লাইট স্থাপনের নিমিত্তে ১৬,৭৩৬/-(ষোল হাজার সাতশত ছত্রিশ)টাকার (এম ই এস সিডিউল অব রেইটস,১৯৯৫ অনুযায়ী) মূল্যানুমান অনুমোদনকরণ।

(ঝ) মিরপুর সেনানিবাসের নিরাপত্তা সংক্রান্ত স্টেশন সদর দপ্তরের ২১-৩-২০০১ইং তারিখের ৬২৪/১/৩ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

৫ সিদ্ধান্তঃ (ক) বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হইল।যেহেতু আলোচ্য জমিতে কোন প্রাকৃতিক জলাশয়/জলাধার/খাল নাই,সেহেতু উক্ত স্থানে মাটি ভরাট করার প্রয়োজন হইবে না।বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অবহিত করা হউক ।

(খ) বিস্তারিত আলোচনান্তে সি এম ই এস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত ২০%(শতকরা বিশ) উর্দ্ধ দর অনুমোদন করা হইল।সংশ্লিষ্ট ঠিকাদার অনুমোদিত দরে কাজ করিতে সম্মত থাকিলে সম্মতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ দেওয়া হউক ।

(গ) বিষয়টির উপর সভায় আলোচনা হইল। **বর্তমানে** উক্ত মার্কেটে মসল্লা বিক্রয়ের জন্য বেশ কিছু দোকান রহিয়াছে।সেইজন্য দোকানের বাহিরে মসল্লা বিক্রীর অনুমতি প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হইল।

(ঘ) বিষয়টির উপর সভায় আলোচনা হইল।আলোচনান্তে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রসহ স্টেশন সদর দপ্তরের অনুমতি সাপেক্ষে ক্যান্টনমেন্ট এলাকায় জনাব মোঃ মীর হোসেন এর নামে সংবাদপত্র সরবরাহকারী হিসাবে ট্রেড লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইল।

(ঙ) বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল।আলোচনান্তে প্রস্তাবেবর্ণিত কাজের জন্য ৯,০৭,১২৬/-(নয় লক্ষ সাত হাজার একশত ছাব্বিশ)টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।চূড়ান্ত অনুমোদনের জন্য মূল্যানুমানটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

(চ) বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবে বর্ণিত প্রকল্পের জন্য ১৬,৬৭,৪৩৬/-(ষোল লক্ষ সাতষট্টি হাজার চারশত ছত্রিশ)টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।চূড়ান্ত অনুমোদনের জন্য মূল্যানুমানটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর প্রেরণ করা হউক ।

১৯তম পৃঃদ্রঃ

(ছ) বাড়ী নির্মাণের জন্য ১২-১২-২০০১ইং তারিখ পর্যন্ত সময় বর্ধিত করা হইল ।

(জ) বিস্তারিত আলোচনান্তে ১৬,৭৩৬/-(ষোল হাজার সাতশত ছত্রিশ)টাকার মূল্যানুমান অনুমোদন করা হইল।

(ঝ) মিরপুর সেনানিবাসের পশ্চিম দিক দিয়া জনসাধারনের চলাচলের সুবিধার্থে বিকল্প রাস্তা নির্মাণকল্পে সংশ্লিষ্ট সকলের সহায়তা গ্রহণপূর্বক একটি নকশা ক্যাণ্টনমেণ্ট বোর্ড কর্তৃক প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হইল। উক্ত বিষয়ে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের অনুমোদন চাহিয়া সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হইল ।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানান্তে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

( শফিক আলম মেহেদী )
ক্যাণ্টনমেণ্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যাণ্টনমেণ্ট বোর্ড, ঢাকা ক্যাণ্টনমেণ্ট।

( কর্ণেল জাহাংগীর আলম, পিএসসি )
প্রেসিডেন্ট, ক্যাণ্টনমেণ্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।